




# সেলফ এসেসমেন্ট এন্ড ট্রেনিং ইভ্যালুয়েশন SELF ASSESSMENT AND TRAINING EVALUATION



## সহজেই বাস্তবায়নযোগ্য পেপারলেস অফিস বাস্তবায়নে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ

### বিদ্যমান সমস্যা

ট্রেনিং ক্লাস এর পি এবং পোস্ট ইভ্যালুয়েশন এর ক্ষেত্রে কাগজের ব্যবহার হয়। প্রশ্নপত্র তৈরী ও উত্তরপত্র যাচাই করতে সময় বেশী লাগে।

বিভিন্ন সংস্থায় কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের স্ব-স্ব কাজের ক্ষেত্র সম্পর্কে বিশদভাবে জানা এবং চাকুরী প্রত্যাশীদের বিষয়ভিত্তিক জ্ঞান অর্জনের জন্য নির্ভরযোগ্য কোন জ্ঞানভান্ডার নেই।

জ্ঞান যাচাই করার জন্য বিষয়ভিত্তিক কুইজ আকারে অনলাইনে পরীক্ষা দেয়ার কোন মাধ্যম নেই।

চাকুরী প্রার্থীরা ইন্টারভিউ এর প্রাক্কালে নির্ধারিত সংস্থা সম্পর্কে ওয়েবসাইট হতে যতটুকু জ্ঞান অর্জন করে তা নিজে নিজে যাচাই করার জন্য অনলাইনে পরীক্ষা দেয়ার কোন ব্যবস্থা নেই।

### আইডিয়ার বিবরণ / সমাধানের জন্য গৃহীত পদক্ষেপ

একটি ওয়েবপোর্টাল তৈরী করা হয়েছে যাতে আছেঃ

সহজেই কুইজের আকারে প্রশ্ন পত্র তৈরী করা ও মোবাইল এনাবেলড ইন্টারফেস এর মাধ্যমে অনলাইনে পরীক্ষা দেয়ার ব্যবস্থা।

প্রত্যেকটি কুইজ এর প্রতিটি প্রশ্ন এর বিপরীতে উত্তর দেয়ার জন্য সময় নির্ধারণ করে দেয়ার ব্যবস্থা।

ট্রেনিং এর পি এবং পোস্ট ইভ্যালুয়েশন এর অটোমেটিক মূল্যায়ন ও পরবর্তীতে ই-মেইলযোগে নম্বর প্রেরণের ব্যবস্থা।

- বিষয়ভিত্তিক জ্ঞান অর্জনের জন্য সমৃদ্ধশালী জ্ঞানভান্ডার।
- সহজেই যেকোন প্রতিষ্ঠানের ওয়েবসাইটের সাথে ইন্টারফেস করার ব্যবস্থা।



TRAINING  
EVALUATION

TEST YOUR  
BRAIN!



test your  
knowledge


### আইডিয়ার যে সকল ক্ষেত্রে পরিবর্তন আনবে তার বিবরণঃ

- ◆ প্রশিক্ষকের পি এবং পোস্ট ইভ্যালুয়েশন সহজতর হবে।
- ◆ বিভিন্ন সংস্থায় কর্মরত কর্মকর্তা ও কর্মচারীরা বিষয়ভিত্তিক জ্ঞান অর্জনের পাশাপাশি কুইজ টেস্ট এর মাধ্যমে নিজস্ব জ্ঞান যাচাই করতে পারবে।
- ◆ চাকুরী প্রার্থীরা ইন্টারভিউ এর প্রাক্কালে প্রত্নুতি নিতে পারবে।
- ◆ পদোন্নতির ক্ষেত্রে ও নতুন নিয়োগের ক্ষেত্রে কুইজ টেস্ট এর ফলাফল মাপকাঠি হিসাবে কাজ করতে পারে।
- ◆ প্রকৃত মেধাবী ও যোগ্যতাসম্পন্ন কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ দেয়া সহজতর হবে।

প্রত্যাপিত ফলাফল(TCV) (৫০জন প্রশিক্ষনার্থী বিশিষ্ট একটি প্রশিক্ষকের পি এবং পোস্ট ইভ্যালুয়েশনের ক্ষেত্রে)		সময়	খরচ (টাকা)	যাতায়াত
আইডিয়ার বাস্তবায়নের আগে	প্রশ্নপত্র তৈরী	০৩ (জন ঘন্টা)	৫০০ (কাগজ ও প্রিন্ট বাবদ)	-
	উত্তরপত্র মূল্যায়ন	০২ (জন ঘন্টা)	৫০ (কাগজ ও প্রিন্ট বাবদ)	-
	পরীক্ষা হল ব্যবস্থাপনা		২০০০	-
আইডিয়ার বাস্তবায়নের পরে	প্রশ্নপত্র তৈরী	০.৫ (জন ঘন্টা)	০.০০	-
	উত্তরপত্র মূল্যায়ন	০.০০	০.০০	-
	পরীক্ষা হল ব্যবস্থাপনা	০.৫ (জন ঘন্টা)	৫০০	-
আইডিয়ার বাস্তবায়নের ফলে প্রত্যাপিত বেনিফিট	প্রশ্নপত্র তৈরী	২.৫ (জন ঘন্টা)	৫০০	-
	উত্তরপত্র মূল্যায়ন	০২ (জন ঘন্টা)	৫০	-
	পরীক্ষা হল ব্যবস্থাপনা	১.৫ (জন ঘন্টা)	১৫০০	-



# অবলাহিত সোলার পাওয়ার জেনারেশন মনিটরিং সিস্টেম Online Solar Power Generation Monitoring System



## সহজেই বাস্তবায়নযোগ্য IOT based মনিটরিং সিস্টেম

### বিদ্যমান সমস্যা

মোবাইল বা কম্পিউটার থেকে মনিটরিং করার কোন সহজ মাধ্যম নাই।

মনিটরিং সিস্টেম মূল সিস্টেমের সাথে বিল্টিন থাকায় ভেদভেদ স্পেসিফিক হয় তাই অন্য সিস্টেমের সাথে Integration করা যায় না এবং কোন সমস্যা হলে তা মেরামত ব্যয় বহুল।

- বাজারে বিদ্যমান solution গুলোর খরচ বেশি।
- মোবাইল সিম বা ওয়াইফাই মডিউল যুক্ত করার কোন সহজ ইন্টারফেস নাই।

বাজারে বিদ্যমান সিস্টেমে ব্যবহৃত বিল্টইন ইলেকট্রনিক চিপ সমূহ complicated হওয়ায় ইনভার্টারের তাপ মাত্রা কোন কারণে বৃদ্ধি পেলে তা প্রায়শই ভুল ডাটা প্রদর্শন করে।

### আইডিয়ার বিবরণ / সমাধানের জন্য গৃহীত পদক্ষেপ

IOT based একটি মনিটরিং সিস্টেম তৈরি করা হয়েছে :

- Microcontroller ব্যবহার করা হয়েছে যা তাপ মাত্রা বৃদ্ধি পেলেও সঠিক ডাটা প্রদর্শন করবে।
- IOT এর মাধ্যমে মোবাইল থেকে মনিটরিং করা যাবে।
- বাজারে বিদ্যমান solution গুলোর থেকে খরচ অত্যন্ত কম পড়বে।
- মোবাইল সিম বা ওয়াইফাই মডিউল যুক্ত করে যে কোন External System এ ডাটা পাঠানো যাবে।

যেকোন সোলার সিস্টেমের সাথে সহজেই Integration করা যাবে এবং মেরামত প্রক্রিয়া সহজ ও খরচ অত্যন্ত কম।

যেকোন সময় যে কোন স্থান থেকে সহজেই মনিটরিং করার ফলে ভিজিট, সময় ও খরচের সাশ্রয় হচ্ছে।

### আইডিয়ারটি যে সকল ক্ষেত্রে পরিবর্তন আনবে তার বিবরণঃ

- ◆ যে কোন জায়গা, যে কোন সময় সোলার পাওয়ার জেনারেশন মনিটরিং করা যাবে।
- ◆ মনিটরিং সিস্টেমে স্থাপনে খরচ কমবে।
- ◆ IOT based হওয়ায় মোবাইল, কম্পিউটার বা অন্যান্য ডিভাইস থেকে সহজে মনিটরিং করা যাবে।
- ◆ মনিটরিং করা সহজ হওয়ায় সোলার পাওয়ার স্থাপনে জনগণ উৎসাহিত হবে।
- ◆ সবুজ বিদ্যুতায়ন বাস্তবায়নে অগ্রণী ভূমিকা পালন করবে।

প্রত্যাশিত ফলাফল(TCV) একদিনের মনিটরিং	সময়	খরচ (টাকা)	যাতায়াত
আইডিয়ার বাস্তবায়নের আগে	মনিটরিং ২ ঘণ্টা ৪০ মিনিট	৫০০	৮
আইডিয়ার বাস্তবায়নের পরে	মনিটরিং ৮ মিনিট	১০	০